



কৃষি সমূহ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dg@dae.gov.bd](mailto:www.dg@dae.gov.bd)

স্মারক নং- ৫৫

তারিখ: ০১.০৮.২০২০ খ্রি:

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশ প্রতিপালনে খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাননীয় প্রধানমন্ত্রী খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আবাদি জমি ফেলে না রেখে প্রতি ইঞ্চি জমিতে ফসল ফলানোর সদয় নির্দেশনা প্রদান করেছেন। সে প্রেক্ষিতে সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয় করোনাভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময়ে নিজ কর্মসূলে অবস্থানপূর্বক নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন ও অনুসরণ করার নির্দেশনা প্রদান করেছেন। এমতাবস্থায় উল্লেখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন ও অনুসরণ করাসহ নিম্নোবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহনের জন্য বলা হলো।

- চলমান সেচ, সার ও বালাই ব্যবস্থাপনাসহ করণীয় বিষয় সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান।
- বোরো ফসল কর্তন ও মাড়াই এ কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে শ্রমিক খরচ সাক্ষয় ও সঠিক সময়ে ফসল ঘরে তোলা।
- গম ফসল উপর্যুক্ত সময়ে কর্তন ও ব্লাষ্ট সহনশীল বারিগম-৩৩ জাতের বীজ সংরক্ষণ বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান।
- চলমান খরিপ-১ মৌসুমে আউশ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির কর্মপরিকল্পনা অনুযায়ী কৌশলগত পদক্ষেপসমূহ বাস্তবায়ন করা।
- প্রতিটি বসতবাড়ির আঙিনায় সবজি চাষ ও সভাব্যস্থানে ২(দুই) সারি আদা ও হলুদ চাষের ব্যবস্থা করা।
- পুরুরপাড় ও রাস্তার পাশে সবজি চাষে কৃষককে উদ্বৃদ্ধ করা।
- বসতবাড়ির আঙিনায় ও আশেপাশে সভাব্য স্থানে পেয়ারা, লেবু, পেপে ও অন্যান্য ফল চাষে কৃষককে উদ্বৃদ্ধ করা।

কৃষকের সাথে থাকুন- কৃষকের পাশে থাকুন।

১.৪.২০২০

(ড. মো: আব্দুল মুস্তাফা)

মহাপরিচালক

ফোন: ০২-৫৫০২৮৩৭০।

প্রাপক,

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর .....(সকল) অধ্যক্ষ।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ..... (সকল) জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।